

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৭১

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি আল্লাহর অপছন্দনীয় কাজে লিপ্ত না হয়ে সমকালীন ব্যক্তিদের সাথে কোমল আচরণ করে, মহান আল্লাহ তার জন্য সাদাকাহ লিখে দেন

ذِكْنُ كِتْبَةِ اللَّهِ الصَّدَقَةَ لِلْمُدَارِي أَهْلَ زَمَانِهِ مِنْ غَيْرِ ارْتِكَابِ مَا يَكْرَهُ اللَّهُ جَلَّ وعلا فيها

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ وَمُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ وَالْحُسَيْنُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ فِي آخَرِينَ قَالُوا: حَدَّثَنَا الْمُسَيِّبُ بْنُ وَاضِحٍ قَالَ: حَدَّثَنَا يُوسُفُ بْنُ أَسْبَاطٍ عَنْ سُفْيَانَ التَّوْرِيِّ عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ , عَنْ جَابِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مُداراةُ الناسِ صدقةٌ.)

الراوي: جَابِر | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 471 | خلاصة حكم المحدث: ضعيف.

বাংলা

8৭১. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: ["মানুষের সাথে কোমল আচরণ করা সাদাকাহ (সমতুল্য)।"[1

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: الْمُدَارَاةُ الَّتِي تَكُونُ صَدَقَةً لِلْمُدَارِي هِيَ تَخَلُّقُ الْإِنْسَانِ الْأَشْيَاءَ الْمُسْتَحْسَنَةَ مَعَ مَنْ يُدفع إِلَى عِشْرَتِهِ مَا لَمْ يَشُبُهَا بِمَعْصِيَةِ اللَّهِ.

وَالْمُدَاهَنَةُ: هِيَ اسْتِعْمَالُ الْمَرْءِ الْخِصَالَ الَّتِي تُسْتَحْسَنُ مِنْهُ فِي الْعِشْرَةِ وَقَدْ يَشُوبُهَا مَا يَكْرَهُ اللَّهُ جَلَّ وعلا.

আবু হাতিম ইবনু হিবানে রহিমাহুল্লাহ বলেন: "ঐ (সচ্চরিত্র বা কোমল আচরণ) যা বাস্তবায়নকারীর জন্য সাদাকাহ হয়, তা হলো মানুষের সাথে আচরণে কোন ব্যক্তির ভালো কিছু বৈশিষ্ট্যে চরিত্রবান হওয়া, যাতে আল্লাহর নাফরমানী মিশ্রিত থাকে না। পক্ষান্তরে (চাটুকারিতা) হলো কোন ব্যক্তির এমন কিছু চারিত্রিক ভাল দিক ব্যবহার করা, যা ভালো করা হয়, অথচ তাতে আল্লাহর অপছন্দনীয় জিনিস মিশ্রিত থাকে।"



ফুটনোট

[1] ইবনু 'আদী: 8/২৬১৪; ইবনুস সুন্নী, 'আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৩২৭; আবু নু'আইম, হিলইয়াতুল আওলিয়া: ৮/২৪৬, মুসনাদুশ শিহাব: ৯১, ৯২।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ য'ঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে য'ঈফ বলেছেন। (আয য'ঈফাহ; ৪৫০৮।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন